



অবিলম্বে প্রকাশের জন্য: 1/9/2026

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ন্যাশনাল ল এনফোর্সমেন্ট অ্যাপ্রিসিয়েশন ডে-এর স্বীকৃতিতে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কগুলিকে আলোকিত করার নির্দেশ দিয়েছেন

9 জানুয়ারি সন্ধ্যায় 16টি ল্যান্ডমার্ককে গাঢ় নীল আলোয় আলোকিত করা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে আজকে, 9 জানুয়ারি, শুক্রবার, সন্ধ্যায় ন্যাশনাল ল এনফোর্সমেন্ট অ্যাপ্রিসিয়েশন ডে-এর (National Law Enforcement Appreciation Day) স্বীকৃতিতে নিউ ইয়র্ক স্টেটের (New York State) 16টি ল্যান্ডমার্ককে গাঢ় নীল আলোয় আলোকিত করা হবে এই ল্যান্ডমার্ককে আলোকিত করা সেই নারী ও পুরুষদের অতি গুরুত্বপূর্ণ এবং অসাধারণ কাজকে সম্মান জানায় যারা আইন শৃঙ্খলা রক্ষায় তাদের ক্যারিয়ার নিবেদন করেছেন এবং পুরো স্টেটের কমিউনিটিগুলিতে কাজ করে প্রতিদিন তাদের মতো নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা ও সেবা দিয়ে থাকেন।

"আমার এক নম্বর অগ্রাধিকার হলো জননিরাপত্তা, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী নারী ও পুরুষেরা যারা নিউ ইয়র্ককে সকলের জন্য আরো নিরাপদ করতে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন তাদেরকে আমি অনেক বেশি সম্মান করি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ন্যাশনাল ল এনফোর্সমেন্ট ডে-তে, এবং প্রতিদিনই, আমি নিউ ইয়র্কের আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে আছি এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা দিতে, আমাদের রাস্তা থেকে অবৈধ বন্দুক সরিয়ে ফেলতে এবং অপরাধ কমিয়ে আনতে তারা যে পরিশ্রম এবং আত্মত্যাগ করেন তার জন্য আমি আমার সমর্থন দিয়ে যাচ্ছি।"

ন্যাশনাল ল এনফোর্সমেন্ট অ্যাপ্রিসিয়েশন ডে-এর স্বীকৃতিতে যে 16টি ল্যান্ডমার্ককে আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Governor Mario M. Cuomo Bridge)
- কোসিউস্কো ব্রিজ (Kosciuszko Bridge)
- দ্য এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন (The H. Carl McCall SUNY Building)
- স্টেট এডুকেশন বিল্ডিং (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)

- স্টেট ফেয়ারগ্রাউন্ডস – মেন গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds – Main Gate & Expo Center)
- ন্যাগাফা ফলস (Niagara Falls)
- দ্য “ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট” মিড-হাডসন ব্রিজ (The “Franklin D. Roosevelt” Mid-Hudson Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কোয়ার ভায়াডাক্ট (Grand Central Terminal - Pershing Square Viaduct)
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক সেন্টার (Lake Placid Olympic Center)
- MTA LIRR - পেন স্টেশনের ইস্ট ইন্ড গেটওয়ে (MTA LIRR - East End Gateway at Penn Station)
- ইরি ক্যানেলের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge over the Erie Canal)
- ময়নিহ্যান ট্রেন হল (Moynihan Train Hall)

দায়িত্ব নেওয়ার পর থেকে গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ককে নিরাপদ রাখতে বড় বড় বিনিয়োগ করেছেন, পুরো স্টেটে জননিরাপত্তা উদ্যোগে ৩ বিলিয়ন মার্কিন ডলার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন, যার মধ্যে পুলিশ ডিপার্টমেন্ট ও শেরিফের অফিসের জন্য 127 মিলিয়ন মার্কিন ডলার আছে, যা তাদেরকে আইন শৃঙ্খলা রক্ষাকারী টেকনোলজি এবং সরঞ্জাম আধুনিক করতে দিবে যাতে করে তারা আরো ভালোভাবে অপরাধের সমাধান, কমানো, এবং প্রতিরোধ করতে পারে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
 নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
 গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
 টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)